পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইনের ব্যবস্থাপনা

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

যে ব্যক্তি একটি ছোট শিশুকে পরিত্যাগ করছে তার অপরাধমূলক দায়বদ্ধতা এড়াতে সেই ব্যক্তিকে অনুমতি দিয়ে অনিচ্ছুক নবজাতক শিশুদের জীবন সুরক্ষিত করাই নিউ ইয়র্ক স্টেটের পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইনের উদ্দেশ্য। তবে, সেই ব্যক্তির আচরণ অবশ্যই নিরাপদ হতে হবে যাতে ছোট শিশুটির শারীরিক কোনো ক্ষতি না হয়।

এই আইন প্রথম 2000 সালের জুলাই মাসে কার্যকর হয়েছিল এবং 2010 সালের আগস্ট মাসে সংশোধিত হয়েছিল। একটি শিশু পরিত্যাগ করা এবং একটি শিশুর মঙ্গল বিপদগ্রস্ত করার অপরাধগুলির জন্য সংশোধনীতে অপরাধমূলক দায়বদ্ধতার বিষয়টি অপসারণ করা হয় যখন নিম্নলিখিত পরিস্থিতিগুলির অধীনে একটি ছোট শিশুকে কোনো পিতা-মাতা, অভিভাবক বা অন্য কোনো আইনত দায়বদ্ধ ব্যক্তি পরিত্যাগ করে:

1) পরিত্যক্ত ছোট শিশুটির বয়স 30 দিনের বেশি নয়;

2) ছোট শিশুটিকে পরিত্যাগ করা ব্যক্তির অভিপ্রায় হল ছোট শিশুটি শারীরিক আঘাত থেকে দূরে থাকবে এবং উপযুক্তভাবে পরিচর্যা পাবে;

3) উপযুক্ত ব্যক্তির কাছে সেই ব্যক্তি ছোট শিশুটিকে ছেড়ে যায় অথবা কোনো যথাযোগ্য স্থানে শিশুটিকে রেখে আসে এবং ছোট শিশুটিকে রেখে আসা স্থানের উপযুক্ত ব্যক্তিকে অবিলম্বে জানায়; এবং

4) সেই ব্যক্তি ছোট শিশুটির দায়িত্ব, পরিচর্যা ও অভিভাবকত্বের অধিকার পরিত্যাগ করে সম্পূর্ণভাবে ছোট শিশুটিকে পরিত্যাগ করার অভিপ্রায় রাখে।

1-866-505-SAFE
(1-866-505-7233)

"যথাযোগ্য স্থান" বলতে কী বোঝায়?

"যথাযোগ্য স্থান" কথাটির অর্থ আইনে ব্যাখ্যা করা নেই। তবে, হাসপাতাল, কর্মী সমন্বিত পুলিশ স্টেশন এবং কর্মী সমন্বিত দমকল কেন্দ্রগুলি অনেকদিন ধরেই যথাযোগ্য স্থান হিসাবে বিবেচিত।
আপনার এলাকায় যথাযোগ্য স্থান হতে পারে তার সম্বন্ধে আরো তথ্যের জন্য আমরা আপনার কাউন্টি ডিস্ট্রিক্টের উকিলের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেবো।

"উপযুক্ত ব্যক্তি" বলতে কী বোঝায়?

"উপযুক্ত ব্যক্তি" কথাটির অর্থ আইনে ব্যাখ্যা করা নেই। সাধারণত, এটি কোনো পেশাদার কর্মী সদস্য বা ছোট শিশুটিকে রেখে যাওয়া স্থানের অন্য কোনো দায়িত্বশীল ব্যক্তিকে বোঝায়।

যদি কেউ আমার কাছে একটি ছোট শিশুকে রেখে যায়, আমার কী করা উচিত?

সেই একই কাজ করুন যা এই আইনটি না থাকলেও আপনি করতেন:

► ছোট শিশুটি বিপদগ্রস্ত হলে অথবা অন্য কোনো চিকিৎসা পরিচর্যার প্রয়োজনীয়তা থাকলে, অবিলম্বে চিকিৎসার ব্যবস্থা করান।

► কোনো অবধারিত চিকিৎসা সংক্রান্ত সমস্যা না থাকলে, আমরা সুপারিশ করবো আপনার কাউন্টির সামাজিক পরিষেবা বিভাগের (নিউ ইয়র্ক সিটিতে, শিশুদের পরিষেবাদির প্রশাসন) সঙ্গে যোগাযোগ করুন এবং তাদের জানান যে আপনি একটি পরিত্যক্ত ছোট শিশু পেয়েছেন। সেই ছোট শিশুটির হেফাজত নেওয়ার জন্য তারা প্রস্তুত থাকবে।

► যদি এটি স্বাভাবিক কার্যসময়ের বাইরে হয় এবং সামাজিক পরিষেবা বিভাগের স্থানীয় দপ্তরের 24-ঘন্টার কর্মী কাজ না করেন, তাহলে নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা শিশু নির্যাতন এবং উৎপীড়ন এর কেন্দ্রীয় রেজিস্টার (Central Register of Child Abuse and Maltreatment) (শিশু নির্যাতনের হটলাইন) এর **1-800-342-3720** নম্বরে ফোন করুন এবং তাদের জানান যে আপনি এইমাত্র একটি পরিত্যক্ত ছোট শিশু পেয়েছেন। হটলাইনের কর্মী অন-কল শিশু প্রতিরক্ষামূলক পরিষেবাদির কর্মীকে জানাবেন, যিনি সেই ছোট শিশুটির হেফাজত নেবেন।

এই আইন কি সন্দেহজনক শিশু নির্যাতন অথবা উৎপীড়নের একজন বাধ্যতামূলক রিপোর্টার হিসাবে আমার দায়বদ্ধতাকে প্রভাবিত করে?

না। একটি ছোট শিশুর যেকোনো রকমের পরিত্যাগ সবসময় সন্দেহজনক শিশু নির্যাতন বা উৎপীড়ন হিসাবে রিপোর্টযোগ্য। পুলিশ অফিসার, ভর্তি, পরীক্ষা, পরিচর্যা বা রোগীর চিকিৎসার সঙ্গে জড়িত হাসপাতালের কর্মী এবং অন্য সমস্ত বাধ্যতামূলক রিপোর্টারদের অবশ্যই বাধ্যতামূলক রিপোর্টার হিসাবে তাদের আইনি দায়িত্ব পূরণ করতে হবে এবং পরিত্যাগের রিপোর্ট করতে হবে।
ছোট শিশুটির এবং ছোট শিশুটিকে পরিত্যাগ করা ব্যক্তির নাম অথবা সনাক্ত করার তথ্য থাকুক বা না থাকুক, বাধ্যতামূলক রিপোর্টারদের নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা শিশু নির্যাতন এবং উৎপীড়ন এর কেন্দ্রীয় রেজিস্টার (শিশু নির্যাতনের হটলাইন) এর **1-800-342-3720** নম্বরে ফোন করতে হবে। অজ্ঞাত ব্যক্তিরা অজ্ঞাত ব্যক্তি হিসাবেই রিপোর্টে তালিকাভুক্ত থাকবে।

কেউ আমার কাছে কোনো ছোট শিশুকে রেখে গেলে, আমার কি কোনো নাম জানা বা সনাক্তকরণের অন্য কোনো তথ্য রাখা উচিত?

এই আইন অনুযায়ী একজন ব্যক্তি একটি ছোট শিশুকে পরিত্যাগ করলে তার নাম দেওয়ার প্রয়োজন থাকে না। যে ব্যক্তিরা সদ্যজাত শিশুদের ত্যাগ করছেন তাদের সেই কাজটি নিরাপদে করার উৎসাহ দিতে পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন তাদের অপ্রকাশিতনামার প্রস্তাব দেয়।

"রেফারেল" বলতে কী বোঝায়?

তারা রেফারেল, কোথায় একটি শিশুকে রেখে আসা যায় তার "যথাযোগ্য স্থান" অথবা সামাজিক পরিষেবা বিভাগ এর স্থানীয় দপ্তরের যোগাযোগের তথ্যের জন্য OCFS এর টোল-ফ্রি পরিত্যক্ত ছোট শিশুর হেল্পলাইন এর **1-866-505-SAFE (7233)** নম্বরে ফোন করতে পারেন।

সংকটে থাকা পিতা-মাতার জন্য সহায়তা

কোনো প্রত্যাশিত বা নতুন পিতা-মাতার সংকটের কাউন্সেলিং, গর্ভাবস্থার কাউন্সেলিং অথবা মানসিক স্বাস্থ্যের পরিষেবাদি প্রয়োজন হলে, নিম্নলিখিত নম্বরগুলি সহায়ক হতে পারে:

- **ন্যাশানাল সুইসাইড প্রিভেনশন লাইফলাইন (National Suicide Prevention Lifeline):**
  1-800-273-TALK (1-800-273-8255)
- **ন্যাশানাল রানঅ্যাওয়ে সুইচবোর্ড (National Runaway Switchboard):**
  1-800-RUNAWAY (1-800-786-2929)
- **2-1-1** (রেফারেল [Referrals], স্টেট জুড়ে একাধিক এলাকায় উপলব্ধ)
- **3-1-1** (রেফারেল [Referrals], কেবলমাত্র নিউ ইয়র্ক সিটিতে)
- **লাইফনেট (LIFENET)** (নিউ ইয়র্ক সিটিতে মানসিক স্বাস্থ্যের রেফারেলের জন্য):

1-800-LIFENET (1-800-543-3638) (ইংরেজি)
1-877-AYUDESE (1-877-298-3373) (স্প্যানিশ)
1-877-990-8585 (কোরিয়ান, ম্যান্ডারিন, ক্যান্টোনিজ)
1-212-982-5284 (শ্রবণে অক্ষম ব্যক্তিদের জন্য TTY/TDD)

- **প্ল্যানড প্যারেনহুড:** 1-800-230-PLAN (1-800-230-7526)
  www.plannedparenthood.org
- **প্রিভেন্ট চাইল্ড-এ পিতা-মাতার হেল্পলাইন অ্যাবিউস নিউ ইয়র্ক (Abuse New York):**
  1-800-CHILDREN (1-800-244-5373)

দত্তক গ্রহণের বিকল্প

যদি কোনো ব্যক্তি এমন কোনোভাবে একটি ছোট শিশুকে পরিত্যাগ করে যা আইন অনুসারী এবং সেই ব্যক্তি ছোট শিশুটির দত্তক দেওয়ার ইচ্ছা প্রকাশ করে, আগ্রহ দেখায়, কাউন্টির স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ (Department of Social Services) এর সঙ্গে (নিউ ইয়র্ক সিটিতে, শিশুদের পরিষেবাদির জন্য প্রশাসন) অথবা কোনো বেসরকারী (অনুমোদিত স্বেচ্ছাসেবী সংস্থা) দত্তক গ্রহণের এজেন্সির সঙ্গে যোগাযোগ রেখে তাকে দত্তক দেওয়ার জন্য কোথাও রাখে।

এগুলির জন্য যোগাযোগের তথ্য কোনো টেলিফোন ডিরেক্টরিতে অথবা OCFS ওয়েবসাইটে পাওয়া যেতে পারে:
http://ocfs.ny.gov/adopt/agcymenu.asp

NEW YORK STATE | Office of Children and Family Services

"...আমাদের সন্তান, পরিবার এবং সম্প্রদায়গুলির নিরাপত্তা, স্থায়ীত্ব এবং সমৃদ্ধিকে তুলে ধরা... ।"

Capital View Office Park
52 Washington Street
Rensselaer, NY 12144

আমাদের ওয়েবসাইট দেখুন:
http://ocfs.ny.gov

পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন (Abandoned Infant Protection Act) এর অধীনে একটি ছোট শিশুকে নিরাপদ স্থানগুলিতে রেখে আসার উপর তথ্যের জন্য, এই নম্বরে ফোন করুন:
1-866-505-SAFE (1-866-505-7233)

শিশু পরিচর্যা, ফস্টার কেয়ার অথবা দত্তক গ্রহণ সম্বন্ধে তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
1-800-345-KIDS (1-800-345-5437)

সন্দেহজনক শিশু নির্যাতন এবং অবহেলা সম্বন্ধে রিপোর্ট করতে, এই নম্বরে ফোন করুন:
1-800-342-3720
1-800-638-5163 (TTY/TDD)

দৃষ্টিহীনদের দেওয়া পরিষেবার সম্বন্ধে তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:
1-866-871-3000
1-866-871-6000 (TTY/TDD)

প্রতিবন্ধী আমেরিকানদের আইন অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবার পরিষেবা অফিস অনুরোধ সাপেক্ষে এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে উপলব্ধ করবে।

প্রকা. 4749 (সং. 10/2016)

পরিত্যক্ত ছোট শিশুর সুরক্ষা আইন

স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মীদের জন্য নির্দেশিকা